# ডিজিটাল সনদ প্রাপ্তির জন্য করণীয়:

## উত্তরাধিকার সনদ প্রাপ্তির জন্য করণীয়:

১. মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধনের কপি জমা দিতে হবে;
২. আবেদনকারী অবশ্যই উত্তরাধিকার হতে হবে;
৩. আবেদনকারীকে অবশ্যই এই পৌরসভার নাগরিক হতে হবে;
৪. আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের / জন্ম নিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে;
৫. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি-১ কপি জমা দিতে হবে;
৬. আবেদনকারীর মোবাইল (নম্বরসহ) অবশ্যই সাথে আনতে হবে;
৭. সকল উত্তরাধিকারের জাতীয় পরিচয় পত্রের / জন্ম নিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে এবং সেখানে প্রত্যেকের সম্পর্ক উল্লেখ করতে হবে ও প্রত্যেকের ব্যবহৃত মোবাইল নম্বরটি প্রদান করতে হবে (যদি থাকে);
৮. হোল্ডিং ট্যাক্স বা পৌর কর পরিশোধ থাকতে হবে (ফটোকপি থাকলে ভাল হয়);
৯. সকল ফি পরিশোধ করতে হবে;
১০. লিখিত আবেদন জমা প্রদান করতে হবে;
১১. তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সনদ প্রদান করা হবে।

## পারিবারিক সনদ প্রাপ্তির জন্য করণীয়:

১. যার পরিবার, শুধুমাত্র তিনিই আবেদনকারী হবেন (কারণ আবেদনকারীর পরিবার হিসেবেই সনদ হয়);
২. আবেদনকারীকে অবশ্যই এই পৌরসভার নাগরিক হতে হবে এবং স্থায়ী ঠিকানা এই পৌরসভা হতে হবে (বাধ্যতামূলক);
৩. আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের / জন্ম নিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে;
৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি-১ কপি জমা দিতে হবে;
৫. আবেদনকারীর মোবাইল (নম্বরসহ) অবশ্যই সাথে আনতে হবে;
৬. পরিবারের অন্তর্গত সকল সদস্যের জাতীয় পরিচয় পত্রের / জন্ম নিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে ও সেখানে প্রত্যেকের সম্পর্ক উল্লেখ করতে হবে এবং প্রত্যেকের ব্যবহৃত মোবাইল নম্বরটি প্রদান করতে হবে (যদি থাকে);
৭. হোল্ডিং ট্যাক্স বা পৌর কর পরিশোধ থাকতে হবে (ফটোকপি থাকলে ভাল হয়);
৮. সকল ফি পরিশোধ করতে হবে;
৯. লিখিত আবেদন জমা প্রদান করতে হবে।